ইত্তেফাক

তারিখ ... 17/6/83 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

# শিক্ষাক্ষেত্রে বৃটিশ অভিজ্ঞতা কাজে লাগানোর সুযোগ রহিয়াছে

—ডঃ মজিদ

লণ্ডন, ১৫ই জুন (বাসস)—শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান এখানে বলেন, বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে বৃটিশ অভিজ্ঞতা কাজে লাগানোর ব্যাপক সুযোগ রহিয়াছে।

সম্প্রতি বৃটিশ শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের সঙ্গে তাঁহার আলোচনা কালে মন্ত্রী শিক্ষার কোন কোন ক্ষেত্রে সহযোগিতা পাওয়া যাইবে তাহা জানিতে আগ্রহ প্রকাশ করেন।

শিক্ষামন্ত্রী উত্তর লণ্ডনের বাংলাদেশ ভবনে বাংলা স্কুল ও সাংস্কৃতিক কেন্দ্র ও পরিদর্শন করেন। তাঁহাকে বাংলাদেশ হাই কমিশনে এক সম্বর্ধনা দেওয়া হয়। সম্বর্ধনা সভায় তিনি বাংলাদেশ সরকারের নয়া শিক্ষা নীতি ব্যাখ্যা করেন।

101 100 099

050